

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনগণেরা,


সাধারণত আমরা বাড়িতে যে সব খেলা খেলে থাকি তাতে সম্ভাব্যতা একটি বড় ভূমিকা নেয়। পরের অধ্যায়ে আমরা শিখব সম্ভাব্যতা সম্বন্ধে প্রাথমিক কিছু বিষয়। আমরা যে উদাহরণ দিয়ে শুরু করব তা হল একটি ব্যাগ থেকে গুলি (মার্বেল) বার করা। যেমন ধরুন একটি ব্যাগে ৬টি সবুজ ও ৪টি হলুদ গুলি আছে, তাহলে আমরা যে যে প্রশ্নের জবাব দিতে পারব তা হল :

- যদি একটি গুলি বার করা হয় ইচ্ছামত তবে সেটি কোন রঙের হবে ?
- যে গুলিটি বার করবে সেটি যে সবুজ হবে তার সম্ভাবনা কতটা ?
- ধরা যাক প্রথমে একটি হলুদ গুলি বার করা হল, এবার তাকে পকেটে রেখে যদি আমরা আর একটি গুলি বার করি সেটি যে সবুজ হবে তার সম্ভাবনা কতটা ?

আমরা সম্ভাব্যতা ব্যবহার করে এটা বুঝতে চেষ্টা করব যে গেম অফ চ্যান্স (সম্ভাবনার খেলা) -তে ঠিক কতটা সম্ভাবনা আছে। আমরা সম্ভাব্যতাকে ব্যবহার করে একটি সফল ক্রীড়া কৌশলও নির্ণয় করব।

সম্ভাব্যতা গাণিতিক নমুনা পরীক্ষাতেও কাজে লাগে। রাশিবিজ্ঞানে সাধারণত ইচ্ছামতন এইরকম ছোট ছোট নমুনা টেনে পুরো জন গোষ্ঠী সম্বন্ধে আমরা ধারণা করার চেষ্টা করি। আপনারা কি এইরকম রাশিবিজ্ঞানিক নমুনা পরীক্ষা বা সমীক্ষা দেখেছেন ? আপনার কি মনে হয় এটি একটি বড় গোষ্ঠী সম্বন্ধে ধারণা করার একটি সঠিক পথ ?

যদিও আমরা ব্যবহার করছি, কিন্তু সম্ভাব্যতা নির্ভর করে তথ্য সংগ্রহের উপর। আমরা বিভিন্ন ধরনের তথ্যকে সর্বসমক্ষে তুলে ধরার উপায় দেখব, বক্স-অ্যান্ড-হাইস্কার প্লট সহ। এরপর আমরা আলোচনা করব কখন তাদের ব্যবহার সর্বাধিক যুক্তিযুক্ত হবে।



শব্দাবলী এখানে আমরা যে নতুন শব্দগুলি শিখব তা হল :

গোষ্ঠী/পপুলেশান
চতুর্থক/কোয়ার্টাইল

প্রতিনিধিত্বমূলক নমুনা
নমুনা

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আপনারা আপনার ছাত্র/ছাত্রীদের সঙ্গে এরকম সম্ভাবনার খেলা খেলতে পারেন। তারা আপনার শেখাবে স্কুলে কী খেলা হয়; অন্যান্য একইধরনের খেলার মধ্যে থাকবে তাদের খেলা, যেখানে কীধরনের তাস আসতে পারে বা নাও আসতে পারে জানাটা বেশ মজার। এছাড়াও আপনারা দৈনিক জীবনে সম্ভাব্যতার ব্যবহার বিষয়েও তাদের সঙ্গে কথা বলতে পারেন, যেমন বৃষ্টি হবে কিনা ইত্যাদি।